



ভোট দেওয়া সবার অধিকার!

বিকাশগত প্রতিবন্ধী ব্যক্তি, তাদের পরিবার এবং কর্মীদের জন্য নির্বাচন বিষয়ক তথ্য

আমাদের জাতীয়, স্টেট ও স্থানীয় নির্বাচনে ভোট দেওয়া, প্রতিবন্ধী ব্যক্তিসহ প্রতিটি নাগরিকের নাগরিক অধিকার।

OPWDD সবার ভোটাধিকারকে সমর্থন করে।

আপনার যদি ভোট দেওয়ার সময় সাহায্যের প্রয়োজন হয় তাহলে যারা আপনাকে সাহায্য করেন তাদের সাথে আগে থেকে কথা বলুন যাতে, যখন আপনার যখন সহায়তা প্রয়োজন হবে তখন সেটা যেন উপলব্ধ থাকে। কেয়ার ম্যানেজার আর পরিষেবা প্রদানকারী সংস্থার কর্মীরা আপনাকে সহায়তা করতে প্রস্তুত আছেন। সমস্ত ভোটকেন্দ্রে, ব্যবহার করার সুবিধাযুক্ত ভোট দেবার সরঞ্জাম উপলব্ধ থাকে।

পরিকল্পনা করুন।

ভোট দেবার জন্য কিছু পরিকল্পনা থাকা প্রয়োজন। আপনার কাউন্টির যেকোনো এলাকায় আপনি আগাম ভোট দিতে পারেন, শুধু নিউ ইয়র্ক সিটি ব্যতীত, যেখানে ভোটারদের ঠিকানার ভিত্তিতে একটি আগাম ভোটদান কেন্দ্র নির্দিষ্ট করে দেওয়া হয়।

সেলফ অ্যাডভোকেসি অ্যাসোসিয়েশন অফ NYS "মাই প্ল্যান টু ভোট" (আমার ভোটদানের পরিকল্পনা) তৈরি করেছে যা আপনাকে ভোট দিতে যাওয়ার জন্য প্রস্তুত হতে সহায়তা করবে। নির্বাচনের দিন আসার আগে আপনাকে কোন বিষয়গুলি নিয়ে ভাবতে হবে এবং কী করতে হবে সেই বিষয়ে এটি আপনাকে সাহায্য করবে।

আপনার ভোট দিন!

আপনার পরিকল্পনা অনুসারে চলুন এবং আপনার ভোটাধিকার প্রয়োগ উপভোগ করুন। আমাদের গণতন্ত্রে অংশগ্রহণ করার আনন্দ উপভোগ করুন। আপনার কারণেই এটা সম্ভব হয়েছে ভেবে গর্ব বোধ করুন।

তারিখগুলি মনে রাখুন

ভোট দেওয়ার জন্য নথিভুক্ত হবার শেষ তারিখ অক্টোবর 26, 2024।

আগাম ভোট দেওয়া অক্টোবর 26 থেকে নভেম্বর 3 পর্যন্ত চলবে।

নির্বাচনের তারিখ হল নভেম্বর 5, 2024।

ভোট দেওয়ার সংস্থানসমূহ

ভোট দেওয়ার পরিকল্পনা করতে, এখানে যান...

- সেলফ অ্যাডভোকেসি অ্যাসোসিয়েশন অফ NYS-এর ওয়েবসাইট (<https://sanys.org/voting/>)

ভোট দেওয়ার জন্য নথিভুক্ত হতে, আগাম ভোট দেবার বিষয়ে তথ্য সন্ধান করতে, অনুপস্থিত ভোটদানের তথ্য সন্ধান করতে, আপনার ভোটদানের স্থান সনাক্ত করতে এবং নিউ ইয়র্ক স্টেটে নির্বাচন হবার তারিখ এবং সময়সীমা সম্পর্কে জানতে হলে, এখানে যান...

- আপনার কাউন্টি বোর্ড অফ ইলেকশনস-এর ওয়েবসাইট
- নিউ ইয়র্ক স্টেট বোর্ড অফ ইলেকশনস (www.elections.ny.gov)-এ আপনার কাউন্টি বোর্ড অফ ইলেকশনস-এর ওয়েবসাইটটি খুঁজে পাবেন
- আমি কীভাবে আর কোথায় ভোট দিতে পারি? (voteearlyny.org)

অ্যাক্সেসিবল ভোটিং সম্পর্কে জানতে হলে, এখানে যান...

- <https://elections.ny.gov/accessible-voting>

আপনার নির্বাচন প্রার্থীদের এবং নির্বাচনের বিষয়ে জানতে হলে, এখানে যান...

- www.VoteSmart.org
- www.Vote411.org
- দ্য লীগ অফ উইমেন্স ভোটারস অফ নিউইয়র্ক স্টেট (<https://lwv.org>)

ভোট দেওয়ার জন্য নথিভুক্ত হওয়ায় সহায়তা পেতে বা অতিরিক্ত তথ্য খুঁজতে হলে, এখানে যোগাযোগ করুন...

- মাইকেল অরজেল, OPWDD ন্যাশনাল ভোটার রেজিস্ট্রেশন অ্যাক্ট লিয়াজন michael.orzal@opwdd.ny.gov বা (518) 474-2757

কোনো উদ্বেগ বা প্রশ্ন আছে?

কোনো সমস্যা হলে ভোট দেবার সময় আপনি এখানে যোগাযোগ করতে পারেন:

- ইলেকশন প্রটেকশন হটলাইন, 1-866-OUR-VOTE নাম্বারে, বা
- ডিসেবিলিটি রাইটস নিউ ইয়র্ক এর সাথে নিম্নলিখিত উপায়ে: mail@DRNY.org, (518) 432-7861 (ভয়েস), 512-3448 (TTY), বা (800) 993-8982 (টোল-ফ্রি)



Office for People With
Developmental Disabilities